

জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিল্প মন্ত্রণালয়  
বিরাস্ট্রীয়করণ অধিশাখা  
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
[www.moind.gov.bd](http://www.moind.gov.bd)

নং-৩৬.০০.০০০০.০৫৬.৯৯.০১০.১৯.৩৫২


তারিখ : ১১ চৈত্র ১৪২৬  
২৫ মার্চ ২০২০

বিষয় : মন্ত্রিপরিষদ বিভাগের প্রেস বিজ্ঞপ্তি প্রেরণ।

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.০০১.৯৯.০০১.২০.৪৪, তারিখ : ২৪/০৩/২০২০।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত প্রেস বিজ্ঞপ্তিটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : ০১ (এক) পাতা।



(মোঃ মোখলেছুর রহমান আকন্দ)

উপসচিব

ফোনঃ +৮৮-০২-৯৫৮৫১৮৫

ই-মেইল : [dsdps@moind.gov.bd](mailto:dsdps@moind.gov.bd)

বিতরণ (কার্যার্থে) :

- ১। বিভাগীয় কমিশনার (সকল)।
- ২। জেলা প্রশাসক (সকল)।

অনুলিপি : সদয় অবগতির জন্য-

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, শিল্প মন্ত্রণালয়, ঢাকা। (প্রতিটি সংশ্লিষ্ট সকলের নিকট ই-মেইলে প্রেরণসহ এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)

স্মারক নম্বর ০৪.০০.০০০০.০০১.৯৯.০০১.২০.৪৪

তারিখঃ ১০ চৈত্র ১৪২৬  
২৪ মার্চ ২০২০

## প্রেস বিজ্ঞপ্তি

গত ২৩ মার্চ ২০২০ তারিখে করোনা ভাইরাসের প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে সরকার প্রদত্ত নির্দেশনা অনুসরণে জানানো যাচ্ছে যে:

১. এই ছুটি/বন্ধ সরকারি-বেসরকারি অফিস আদালতের জন্য প্রযোজ্য। স্বাস্থ্য-সেবা, সংবাদপত্রসহ অন্যান্য জরুরি কার্যাবলীর ক্ষেত্রে এই নির্দেশনা প্রযোজ্য নয়।
২. সরকারি কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এই ছুটি/বন্ধকালীন সময়ে অবশ্যই নিজ-নিজ কর্মস্থলে অবস্থান করবেন।
৩. এই বন্ধ ঘোষণা করা হয়েছে জনগণকে ব্যাপকহারে পারস্পরিক মেলা-মেশা বা সংস্পর্শে এসে রোগ বিস্তার করা থেকে বিরত রাখার জন্য। সে কারণে সর্বসাধারণকে এই সময়ে বাইরে যাওয়া বা ভ্রমণ করা থেকে বিরত থাকতে আহ্বান জানানো হচ্ছে।
৪. ঔষধ/খাদ্য প্রস্তুত, ক্রয়-বিক্রয়সহ অন্যান্য শিল্প কারখানা/প্রতিষ্ঠান/বাজার/দোকানপাট নিজস্ব ব্যবস্থাপনায় চলবে।
৫. গণপরিবহন ব্যতীত অন্যান্য জরুরি পরিবহন যেমন-ট্রাক, কার্গো, এ্যাম্বুলেন্স ও সংবাদপত্রবাহী গাড়ী ইত্যাদি যথারীতি চলবে।

২৪/৩/২০২০  
মন্ত্রিপরিষদ সচিব